দৈনিক বাংলা

তারিখ 05 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

# অবহেলিত শিশুদের জন্য লেখাপড়ার সুযোগ দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

শিশু নির্যাতন ও দেশ থেকে শিশু পাচার বন্ধ করতে হবে। শিশু শ্রম নিয়ন্ত্রণ করতে হবে। অবহিলিত শিশুদের জন্যে একবেলা কাজের ব্যবস্থা, অন্য বেলায় তাদের জন্যে খাওয়া ও লেখাপড়ার ব্যবস্থা নিতে হবে।

এ সুপারিশগুলো স্কুলের ছাত্র-ছাত্রীদের সংগঠন 'অধ্যায়ন'-এর। শিশুদের মেধা ও মননের বিকাশ নিশ্চিত করার লক্ষ্যে আরও কিছু সুপারিশসহ একটি সুপারিশমালা গতকাল সংগঠনের পক্ষ থেকে সংসদের

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## অবহেলিত শিশুদের

(প্রথম পৃঃ পর)

উপনেতা প্রফেসর বদরুদ্দোজা চৌধুরীকে দেয়া হয়।

জাতীয় গ্রন্থ কেন্দ্রে আয়োজিত 'গুণীজনের মুখোমুখি' শীর্ষক এক অনুষ্ঠানে এ সুপারিশমালা উপস্থাপন করে লুবনা। 'বিশ্ব শিশু দিবস'৯১ উপলক্ষ্যে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শুরুতে সংগঠনের সদস্য-সদস্যাগণ গল্প ও কৌতুক পরিবেশন করে। পরে বক্তৃতা করেন প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী, জাতীয় গ্রন্থ কেন্দ্রের পরিচালক ফজলে রাব্বি, লেখক আলী ইমাম ও অধ্যায়নের পরিচালক হোসেন আল-মাসুদ।

প্রফেসর বদরুদ্দোজা চৌধুরী তাঁর বক্তৃতায় বলেন, দেশের উন্নতির জন্যে সারা দেশের শিশুদের কথা ভাবতে হবে। শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত ৪০ লাখ এবং অপুষ্টির শিকার ৭০ শতাংশ শিশুকে বাদ দিয়ে দেশ গঠন সম্ভব নয় আলী ইমাম বলেন, শিশুরা জানতে চায় এ দেশ পাখি, গান ও ফুলের দেশ নাকি মাস্তান ও চাঁদাবাজের দেশে পরিণত হবে।

শেষ পর্বে শিশু-কিশোররা প্রফেসর বদরুদ্দোজা চৌধুরীকে বিভিন্ন পশ্ন করে। আইডিয়াল স্কুলের ছাত্র খালেদের এক প্রশ্নের জবাবে প্রফেসর চৌধুরী বলেন, গ্রামের অবহেলিত ও সুযোগ-সুবিধা বঞ্চিত শিশুদের বিভিন্ন বিষয়ে সচেতন করার ক্ষেত্রে এনজিও এবং গ্রাম সরকার ভূমিকা রাখতে পারে।

৩